



জয় বাংলা স্লোগান দিয়ে যুবদল নেতাকে মারধরের অভিযোগ পুলিশ সদস্যের বিরুদ্ধে



সংগৃহীত ছবি

ফরিদপুরের নগরকান্দা উপজেলার কাইচাইল ইউনিয়নে যুবদল আহ্বায়ক কাইয়ুম মাতুব্বরকে মারধরের অভিযোগ উঠেছে সিআইডির এক পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে।
সোমবার (১ ডিসেম্বর) সকালে কাইচাইল নতুন বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, সকালে কাইয়ুম মাতুব্বর নতুন বাজারের রুহুল আমিনের চায়ের দোকানে বসে চা পান করছিলেন। ওই সময় ছুটিতে বাড়িতে থাকা সিআইডির মাদারীপুর জোনের পুলিশ কর্মকর্তা আজগর আলী বাজারে এসে উচ্চস্বরে ‘জয় বাংলা’ স্লোগান দিতে থাকেন। কাইয়ুম তাকে এমনভাবে স্লোগান না দিতে অনুরোধ করলে আজগর আলী ও তার সহযোগীরা কাইয়ুমের ওপর চড়াও হয়ে মারধর করেন বলে অভিযোগ।

আহত কাইয়ুম মাতুব্বর বলেন, “আমি চায়ের দোকানে বসে ছিলাম। হঠাৎ আজগর ও তার সহযোগীরা এসে আমাকে এলোপাতাড়ি পিটিয়ে আহত করে। এখন হাসপাতালে চিকিৎসাধীন।”

তবে অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছেন পুলিশ কর্মকর্তা আজগর আলী। তার দাবি, বাজারে গিয়ে তিনি দুই পক্ষের তর্কবিতর্ক দেখে সবাইকে শান্ত থাকতে বলেন মাত্র। পরে শুনেছেন তার বিরুদ্ধে মারধরের অভিযোগ আনা হয়েছে—যা তার ভাষায় ‘মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত’।

নগরকান্দা থানার ওসি রেজাউল করিম বলেন, লিখিত অভিযোগ পেলে বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।